

তারিখঃ ০৮-০১-২০ (পৃঃ ১০)

‘ইয়াং সাইনটিস্ট’ অ্যাওয়ার্ড

পেলেন ড. আফছানা

কলীগঞ্জ (গাজীপুর) সংবাদদাতা

প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিকস্ সোসাইটি অব বাংলাদেশ (পিবিজিএসবি) ইয়াং সাইনটিস্ট অ্যাওয়ার্ড পেয়েছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (বরী) বিজ্ঞানী ড. আফছানা আনছারী। অতি সম্প্রতি পিবিজিএসবির ঢাকা-৯ এসিআই সেন্টারে অনুষ্ঠিত দ্বিবার্ষিক সম্মেলনে তাকে এ অ্যাওয়ার্ডে ভূষিত করা হয়। বিগত ৩৪ বছরের ইতিহাসে এবারই প্রথম কোনো হাইব্রিড রাইস ব্রিডার এ পৌরবময় পুরস্কার পেলেন। ড. আফছানা গাজীপুরের কলীগঞ্জ উপজেলা প্রকৌশলী শাকিল হোসেনের সহধর্মিণী এবং ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলার কাউলডা গ্রামের আনছার উদ্দিনের মেয়ে। ড. আনছারীর হাতে সম্মাননা তুলে দেন স্বধীনতা পদকপ্রাপ্ত ইমেরিটাস বিজ্ঞানী চিফ প্যাট্রন কৃষিবিদ ড. কাজী বদরুদ্দোজা। ড. আনছারী ২০১১ সালে খার্ড ওয়াল্ড অর্গানাইজেশন ফর উইমেন ইন সাইনটিস (বর্তমানে ওডরিউএসডি) গ্যেব সাইটে প্রকাশিত উন্মুক্ত বিজ্ঞপ্তির আবেদনের মাধ্যমে বাংলাদেশসহ পৃথিবীর অন্যান্য দেশের প্রার্থীদের পেছনে ফেলে এ পিএইচডি স্কলারশিপ অর্জন করেন। ড. আফছানা ২০১৬ সালে চীনের চাইনিজ একাডেমি অফ এগ্রিকালচার সায়েন্স (সিএএস) থেকে পিএইচডি ডিগ্রি নেন। তার গবেষণার কাজ ছিল প্ল্যান্ট ব্রিডিংয়ের জন্য একটি প্রোমিজিং ব্রিডিং টুল। যা ডয়ার্ক মেইল স্টেরিল রাইচ নামে পরিচিত। যেখানে ২টি ভিন্ন ক্রোমোজমে ২টি ভিন্ন জিন ভিন্ন ট্রেইটের ওপর কাজ করে, যা একই সময় সাইলেঙ্গ করা হয়েছে। তখনকার সময় এটিই ছিল বিশেষ সর্বপ্রথম। এছাড়া ২০১৬ সালে নিউ ফেইস অফ গ্লোবাল সাইন্স: ওডরিউএসডি সাকসেস স্টেরিলে ভূষিত হন।